

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১২৪৯

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৮৯. (শত্রুকে হত্যার জন্য) অনুসন্ধানকারীর সালাত প্রসঙ্গে

باب صلاة الطَّالِب

আরবী

حَدَّثَنَا أَبُو مَعْمَرٍ عَبْدُ اللهِ بْنُ عَمْرٍو، حَدَّثَنَا عَبْدُ الْوَارِثِ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ، عَنْ مُحَمَّدِ بْنِ جَعْفَرٍ، عَنِ ابْنِ عَبْدِ اللهِ بْنِ أَنيْسٍ، عَنْ أَبِيهِ، قَالَ: بَعَثَنِي رَسُولُ اللهِ صلى مُحَمَّدِ بْنِ جَعْفَرٍ، عَنِ ابْنِ عَبْدِ اللهِ بْنِ أَنيْسٍ، عَنْ أَبِيهِ، قَالَ: بَعَثَنِي رَسُولُ اللهِ صلى الله عليه وسلم إِلَى خَالِد بْنِ سُفْيَانَ الْهُذَلِيِّ _ وَكَانَ نَحْوَ عُرَنَةَ وَعَرَفَاتٍ _ فَقَالَ " انْهَبْ فَاقْتُلُهُ". قَالَ: فَرَأَيْتُهُ وَحَضَرَتْ صَلَاةُ الْعَصْرِ فَقُلْتُ : إِنِّي لأَخَافُ أَنْ يَكُونَ بَيْنِي الْنَهُ مَا إِنْ أُوْخِرُ الصَّلَاةَ فَانْطَلَقْتُ أَمْشِي وَأَنَا أُصَلِي أُومِئُ إِيمَاءً نَحْوَهُ فَلَمَّا دَنَوْتُ مِنْهُ وَبَيْنَهُ مَا إِنْ أُوخِرُ الصَّلَاةَ فَانْطَلَقْتُ أَمْشِي وَأَنَا أُصَلِي أُومِئُ إِيمَاءً نَحْوَهُ فَلَمَّا دَنَوْتُ مِنْهُ وَبَيْنَهُ مَا إِنْ أُوجِرُ الصَّلَاةَ فَانْطَلَقْتُ أَمْشِي وَأَنَا أُصَلِي أُومِئُ إِيمَاءً نَحْوَهُ فَلَمَّا دَنَوْتُ مِنْهُ وَلِيكَ إِنَا أَصِلِي أَنْ أَومِئُ إِيمَاءً نَحْوَهُ فَلَمَّا دَنَوْتُ مِنْ الْعَرَب، بَلَغَنِي أَنَّكَ تَجْمَعُ لِهَذَا الرَّجُلِ فَجِئْتُكَ فِي ذَاكَ فَمَشَيْتُ مَعَهُ سَاعَةً حَتَّى إِذَا أَمْكَنَنِي عَلَوْتُهُ بِسَيْفِي حَتَّى بَرَدَ .

_ ض*ع*يف

বাংলা

১২৪৯। 'আবদুল্লাহ ইবনু উনাইস (রাঃ) হতে তার পিতার সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম আমাকে খালিদ ইবনু সুফয়ান আল-হুযালীকে হত্যা করার জন্য উরানাহ ও 'আরাফাতের নিকটে পাঠলেন। বর্ণনাকারী বলেন, আমি তার সন্ধান পেলাম 'আসর সালাতের ওয়াক্তে। আমি আশংকা করলাম, আমার এবং তার মধ্যে যদি এখনই সংঘর্ষ বেঁধে যায় এবং তা দীর্ঘস্থায়ী হয় তাহলে আমার সালাত বিলম্ব হবে। কাজেই আমি হাঁটতে থাকলাম এবং তার দিকে মুখ করে ইশারায় সালাত আদায় করতে থাকলাম। আমি তার নিকটবর্তী হলে সে আমাকে জিজ্ঞেস করলো, তুমি কে? আমি বললাম, আরবের এক ব্যক্তি। আমার কাছে সংবাদ পৌছেছে যে, তুমি মুহাম্মাদ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর বিরুদ্ধে সৈন্য সমাবেশ করছো? সুতরাং আমি এজন্যই তোমার কাছে এসেছি। সে বললো, আমি এরূপই করছি। বর্ণনাকারী বলেন, অতঃপর আমি তার সঙ্গে হাঁটতে থাকলাম এবং সুযোগ বুঝে আমার তরবারি দিয়ে তার উপরে আঘাত হানলাম। অবশেষে সে ঠান্ডা হয়ে গেলো (অর্থাৎ মৃত্যু বরণ করলো)।[1]



দুর্বল।

English

Narrated 'Abd Allah b. Unais:

The Messenger of Allah () sent me to Khalid b. Sufyan al-Hudhail. This was towards 'Uranah and 'Arafat. He (the Prophet) said: Go and kill him. I saw him when the time of the afternoon prayer had come. I said: I am afraid if a fight takes place between me and him (Khalid b. Sufyan), that might delay the prayer. I proceeded walking towards him while I was praying by making a sign. When I reached near him, he said to me: Who are you? I replied: A man from the Arabs; it came to me that you were gathering (any army) for this man (i.e. Prophet). Hence I came to you in connection with this matter. He said: I am (engaged) in this (work). I then walked along with him for a while; when it became convenient for me, I dominated him with my sword until he became cold (dead).

ফুটনোট

[1] আহমাদ (৩া/৪৯৬), ইবনু হিব্বান (হাঃ ৭১১৬), ইবনু খুযাইমাহ (২/৯৮২), বায়হাকী 'সুনানুল কুবরা' (৩/২৫৬), ইবনু হিশাম 'সীরাতুন নাবুবিয়াহ' (৪/২৪৩) সকলে মুহাম্মাদ ইবনু ইসহাক হতে..। এর সানাদ দুর্বল। সনদে ইবনু 'আবদুল্লাহ ইবনু উনাইস অজ্ঞাত (মাজহুল)।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু উনায়স (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন